

# ■■ আল-আদাবুল মুফরাদ

হাদিস নাম্বারঃ ৪৬০ বদান্যতা, কৃপণতা ও চারিত্রিক দোষ-ক্রটি পরিচ্ছেদঃ ২১৫- স্বতন্ত্র কোঠায় অবস্থান।

بَابُ مَنِ اتَّخَذَ الْغُرَفَ

### আরবী

حَدَّثَنَا مُوسَى، قَالَ: حَدَّثَنَا الضَّحَّاكُ بْنُ نِبْرَاسٍ أَبُو الْحَسَنِ، عَنْ ثَابِتٍ، أَنَّهُ كَانَ مَعَ أَنَسٍ بِالزَّاوِيَةِ فَوْقَ غُرْفَةٍ لَهُ، فَسَمِعَ الأَذَانَ، فَنَزَلَ وَنَزَلْتُ، فَقَارَبَ فِي الْخُطَا فَقَالَ: كُنْتُ مَعَ زَيْدِ بْنِ ثَابِتٍ فَمَشَى بِي هَذِهِ الْمِشْيَةَ وَقَالَ: أَتَدْرِي لِمَ فَعَلْتُ بِكَ؟ فَإِنَّ النَّبِيَّ صلى الله عليه وسلم مَشَى بِي هَذِهِ الْمِشْيَةَ وَقَالَ: أَتَدْرِي لِمَ مَشَيْتُ بِكَ؟ قُلْتُ: اللَّهُ وَرَسُولُهُ أَعْلَمُ، قَالَ: لِيَكْثُرُ عَدَدُ خُطَانَا فِي طَلَبِ الصَّلاةِ.

#### বাংলা

৪৬০। সাবিত (রহঃ) থেকে বর্ণিত। তিনি আনাস (রাঃ) এর সাথে তার ঘরে উপরের মাচানে ছিলেন। তিনি আযান শুনে নিচে নামলে আমিও তার সাথে নিচে নামলাম। তিনি ঘন ঘন পা ফেলে (মসজিদে) যেতে লাগলেন। তিনি বলেন, একদা আমি যায়েদ ইবনে সাবিত (রাঃ) এর সাথে ছিলাম। তিনি এভাবে আমাকে সাথে নিয়ে হাটলেন এবং বললেন, তুমি কি জানো, আমি তোমার সাথে এভাবে কেন হাঁটছি? কেননা নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে সাথে নিয়ে এভাবে (ঘন কদমে) হেঁটেছিলেন এবং বলেছিলেনঃ তুমি কি জানো, আমি কেন তোমার সাথে এভাবে হাঁটছি? আমি বললাম, আল্লাহ এবং তাঁর রাসূলই অধিক জ্ঞাত। তিনি বলেনঃ যাতে নামাযের উদ্দেশ্যে আমাদের পদচারণার সংখ্যা অধিক হয়় (ইবনে আবু শায়বা)।

### **English**

Thabit reported that he was with Anas in a corner above one of his rooms. He said, "We heard the adhan and he came down and I came down as well. He took short stops and said, 'I was with Zayd ibn Thabit and I walked with him in this fashion. He said, "Do you know why I did it to you? The Prophet, may Allah bless him and grant him peace, walked in this manner and he said, 'Do you know why I walked with you?' I replied, 'Allah and His Messenger know best.' He said, 'So that there would be a greater number of



## steps in search of the prayer.'"'"

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আহসান পাবলিকেশন

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন